



## ভ্যাম্পের নেতৃত্বে প্রতিনিধিদলের সঙ্গে শেহবাজ শরীফের বৈঠক



মার্কিন ভাইস প্রেসিডেন্ট জে.ডি. ভ্যাম্পের সঙ্গে বৈঠক করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ। ছবি: সংগৃহীত

মার্কিন ভাইস প্রেসিডেন্ট জে.ডি. ভ্যাম্পের নেতৃত্বে যুক্তরাষ্ট্রের একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফের সঙ্গে বৈঠক করেছেন।

আলোচনায় যুক্তরাষ্ট্রের বিশেষ দূত স্টিভ উইটকফ এবং সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনারও উপস্থিত ছিলেন।

শনিবার (১১ এপ্রিল) পাকিস্তানের সংবাদমাধ্যম ডন নিউজ এ তথ্য জানায়।

পাকিস্তানের প্রধানমন্ত্রীর দফতর জানায়, বৈঠকে আঞ্চলিক স্থিতিশীলতা ও সহযোগিতা নিয়ে আলোচনা হয়। শেহবাজ শরীফ আশা প্রকাশ করেন, এই সংলাপ টেকসই শান্তি প্রতিষ্ঠার পথে গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে কাজ করবে।

এর আগে একই দিনে ইরানি প্রতিনিধি দলের সঙ্গেও পৃথক বৈঠক করেন পাকিস্তানের প্রধানমন্ত্রী।

LENS ASIA